

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

বাংলা
ষষ্ঠ শ্রেণি

১. নীচের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দাও :

- ১.১ ‘ও তো পথিক জনের ছাতা’
— পথিক জনের ছাতাটি কী?
- ১.২ ‘কী দেখছিলে বাইরে’?
— এই প্রশ্নের উত্তরে শংকর কী বলেছিল?
- ১.৩ ‘স্বপ্ন সে দেখে দিনরাত দুলে দুলে।’
— কার স্বপ্ন দেখার কথা বলা হয়েছে?
- ১.৪ ‘মন-ভালো-করা’ কবিতায় কবি রোদুরকে কীসের সঙ্গে তুলনা করেছেন?
- ১.৫ ‘একটি জিনিস প্রত্যেকবারই আমাকে মৃত্যুর হাত থেকে বাঁচিয়েছে, সেটি হচ্ছে, পশুদের ভাষার জ্ঞান’।
— কে একথা বলেছেন?
- ১.৬ ‘ঘাসফড়িং’ কবিতায় কবির সঙ্গে ঘাসফড়িং -এর নতুন আত্মীয়তা কখন শুরু হয়েছিল?
- ১.৭ কুমোরে পোকা কীভাবে মাকড়সা শিকার করে?

২. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

- ২.১ বিসর্গসন্ধির ক্ষেত্রে যেটি ঠিক নয় -- অতঃ + এব = অতএব / ছন্দঃ + বন্ধ = ছন্দবন্ধ / সরঃ + বতী = সরস্বতী /
নিঃ + অবধি = নিরবধি
- ২.২ যেটি জোড়বাঁধা সাধিত শব্দ নয় — দয়াময় / দশানন / তেলোভাজা / সিংহাসন
- ২.৩ বিসর্গসন্ধির ফলে বিসর্গ রূপান্তরিত হয়ে লুপ্ত হয়েছে, এমন দুটি উদাহরণ দাও।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।
কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।